# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 28.03.24** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে দ্বিতীয় দফার লোকসভা নির্বাচনের বিজ্ঞপ্তি জারি হবে আজ। এই দফায় রাজ্যের তিনটি আসনে আজই শুরু হচ্ছে মনোনয়ন দাখিলের প্রক্রিয়া।

২) প্রথম দফার লোকসভা নির্বাচনে তিনটি কেন্দ্রে ৩৪-টি মনোনয়নপত্র জমা পড়েছে। আজ সেগুলি পরীক্ষা করে দেখা হবে।

৩) প্রতিটি দফার আগে আইনশৃঙ্খলা ও ভোটের প্রস্তুতি নিয়ে প্রশাসনের কর্তাদের সঙ্গে বৈঠক করবে কমিশন।

৪) ইডি-র বাজেয়াপ্ত করা প্রায় ৩ হাজার কোটি টাকা বাংলার গরীব মানুষকে তিনি ফেরত দিতে চান বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন।

নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ তুলেছে তৃণমূল কংগ্রেস।

৫) কৃষ্ণনগরের তৃণমূল কংগ্রেস প্রার্থী মহুয়া মৈত্রকে আজ দিল্লিতে তলব করেছে ইডি।

৬) ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে রামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষ স্বামী স্মরণানন্দের শেষকৃত্য গতকাল সম্পন্ন হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফায় এরাজ্যের দার্জিলিং, রায়গঞ্জ এবং বালুরঘাট আসনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হবে। চৌঠা এপ্রিল পর্যন্ত প্রার্থীরা তাদের মনোনয়নপত্র জমা দিতে পারবেন। ৫-ই এপ্রিল জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ৮-ই এপ্রিল। দ্বিতীয় দফায় ভোটগ্রহণ আগামী ২৬-শে এপ্রিল।

এরাজ্য সহ দেশের মোট ৮৯-টি আসনে ওই দিন ভোট গ্রহণ।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে প্রথম দফার লোকসভা নির্বাচনে মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা গতকাল শেষ হয়েছে। এই পর্বে কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার কেন্দ্রে ভোট নেওয়া হবে ১৯-শে এপ্রিল। প্রথম দফায় ৩৪-টি মনোনয়নপত্র পেশের খবর পাওয়া গেছে।

এর মধ্যে ১৩-টি মনোনয়ন জমা পড়েছে কোচবিহারে, ১২-টি জলপাইগুড়ি আসনে এবং ৯-টি আলিপুরদুয়ারে।

আজ মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ৩০শে মার্চ।

কোচবিহার কেন্দ্রে পর্যন্ত ১৭ কোম্পানী, আলিপুরদুয়ারে ৯ এবং জলপাইগুড়িতে ১১ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে সাত দফা ভোটের প্রতিটি দফার আগে নির্বাচন কমিশন, আইনশৃঙ্খলা সহ ভোটপ্রস্তুতি নিয়ে প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠক করবে। দিল্লি থেকে উপ নির্বাচন কমিশনাদের উপস্থিতিতে ভার্চুয়ালি এই বৈঠক হবে। জেলা

নির্বাচনী আধিকারিক, পুলিশ সুপার ও পুলিশ কমিশনারদের এই বৈঠকে উপস্থিত থাকতে হবে বলে জানিয়ে, নির্বাচন কমিশনের তরফে মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দেওয়া হয়েছে।

ooooooooooooooooooo

ভোটদাতারা এখন থেকে বছরের যে কোন সময়ে ভোটার তালিকায় নাম তোলার জন্য আবেদন করতে পারবেন। গতকাল কলকাতায় প্রথমবারের ভোটদাতাদের জন্য এক সচেতনতা কর্মশালায় রাজ্যের উপ মুখ্য নির্বাচনী আধিকারিক সুব্রত পাল জানিয়েছেন, এতদিন বছরের একটি নির্দিষ্ট দিনে ১৮ বছর বয়স হলে তবেই ভোটার তালিকায় নাম তোলা যেতো। তবে নির্বাচন কমিশনের নতুন নিয়ম অনুযায়ী এখন থেকে প্রতিবছর তিন মাস অন্তর পয়লা জানুয়ারি, পয়লা এপ্রিল, পয়লা জুলাই এবং পয়লা অক্টোবর ভোটার তালিকায় নাম তোলা হবে। তাই বছরের যে কোন সময়ে ১৮ বছর বয়স পূর্ণ হলেই তালিকায় নাম তুলতে পারবে নতুন ভোটাররা। ভোটারস্ হেল্পলাইন অ্যাপে আগাম আবেদন করা যাবে এবং তারপর ওই নির্দিষ্ট দিনগুলিতে তাদের নাম ভোটার তালিকায় নথিভুক্ত করা হবে।

শ্রী পাল জানান, ভোটারস্ হেল্পলাইন অ্যাপের মাধ্যমে প্রার্থী, ভোটের ফলাফল সহ ভোট সংক্রান্ত যাবতীয় তথ্য জানতে পারবেন ভোটদাতারা।

নতুন ভোটদাতাদের সচেতন করতে রাজ্যে ৭-শোর বেশি কলেজ চালু করা হয়েছে ইলেক্ট্রোরাল লিটারেসি ক্লাব।

ooooooooooooooooooo

লোকসভা নির্বাচন নিয়ে আজ শুনুন বিশেষ আলোচনা ‘জনমত ২০২৪’। রাত ৮-টায়, গীতাঞ্জলি ও ১০৭ মেগাহার্টজ প্রচার তরঙ্গে এবং আকাশবাণী

কলকাতার সংবাদ বিভাগের সবকটি সোশ্যাল মিডিয়া পেজে শোনা যাবে এই অনুষ্ঠান। আলোচনায় অংশ নিয়েছেন দুই রাজনৈতিক বিশ্লেষক, রাষ্ট্রবিজ্ঞানী বিশ্বনাথ চক্রবর্তী ও সাংবাদিক শুভাশিস মৈত্র। সঞ্চালনায় সংযুক্তা সিংহ।

০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সম্পর্কে অবমাননাকর মন্তব্য করার জন্য নির্বাচন কমিশন, বর্ধমান – দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষকে শোকজ করেছে। ৪৮ ঘণ্টার মধ্যে তাঁকে জবাব দিতে হবে। বিষয়টি নিয়ে পশ্চিম বর্ধমানের জেলাশাসকের কাছে রিপোর্ট তলব করা হয়।

দিলীপ ঘোষের কুমন্তব্যের বিরুদ্ধে নালিশ জানাতে তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দল গতকাল মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে যায়। বেরিয়ে এসে সাংবাদিকদের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, দিলীপ ঘোষের মন্তব্য ক্ষমার অযোগ্য।

দিলীপ ঘোষ অবশ্য বলেছেন, তাঁর বক্তব্য নিয়ে বিতর্ক এই প্রথম হচ্ছে না। তিনি অসংসদীয় শব্দ প্রয়োগ করে থাকলে তার জন্য দুঃখিত।

এদিকে, দুর্গাপুরের তৃণমূল আইনজীবি সেল, দিলীপ ঘোষের বিরুদ্ধে পুলিশের কাছে লিখিত অভিযোগ দায়ের করেছে। সিটি সেন্টার ফাঁড়িতে এই অভিযোগ দায়ের হয়েছে।

এদিকে, বিডিও-র ঘরে বসে পুলিশ প্রশাসনকে হুমকি দেওয়ার অভিযোগে ঘাটাল লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী হীরন চট্টোপাধ্যায়কে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে নির্বাচন কমিশন। দু-দিনের মধ্যে তাঁকে নোটিশের জবাব দিতে হবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে।

অন্যদিকে, নির্বাচনী প্রচারে সরকারী প্রকল্পের ট্যাবলোয় মডেল হিসেবে শিশুদের ব্যবহার করে মেদিনীপুর লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী জুন মালিয়া আদর্শ আচরণবিধি লঙ্ঘন করেছেন বলে বিজেপি নির্বাচন কমিশনের কাছে অভিযোগ জানিয়েছে। তাঁর বিরুদ্ধে উপযুক্ত পদক্ষেপ করার দাবি জানিয়েছে তারা।

এই প্রসঙ্গে ওই লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অগ্নিমিত্রা পাল বলেছেন, নির্বাচনী প্রচারে শিশুদের ব্যবহার না করার কড়া নির্দেশ আছে কমিশনের।

oooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী সম্পর্কে দিলীপ ঘোষের মন্তব্য বিজেপি অনুমোদন করেনি। তাই দলের পক্ষ থেকে দিলীপ ঘোষকে চিঠি দেওয়া হয়েছে বলে দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য জানিয়েছেন। গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, দিলীপ ঘোষ দুঃখ প্রকাশ করে ক্ষমাও চেয়েছেন। তবে, মুখ্যমন্ত্রীর চরিত্র হনন করা বা তাঁকে কালিমা লিপ্ত করার উদ্দেশ্য নিয়ে তিনি কোন মন্তব্য করেননি। তা সত্ত্বেও কারো আঘাত লেগে থাকলে দল দুঃখিত এবং ক্ষমাপ্রার্থী। এক্ষেত্রে আর কোন রাজনৈতিক বিতর্কের অবকাশ নেই।

oooooooooooooooooooo

বহরমপুর লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী, প্রাক্তন ক্রিকেটার ইউসুফ পাঠান, ভোটের প্রচারে শচীন টেন্ডুলকর সহ অন্যান্য ক্রিকেটরের ছবি ব্যবহার করছেন বলে নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছে কংগ্রেস। মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে চিঠি দিয়ে তারা জানিয়েছে, আদর্শ আচরণ বিধি লঙ্ঘণ করেছেন ইউসুফ।

ooooooooooooooooooooo

ইডির বাজেয়াপ্ত করা  প্রায় তিন হাজার কোটি টাকা বাংলার গরিব মানুষকে নতুন সরকার ফেরত দিয়ে দেবে বলে বিজেপির প্রবীণ নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন। কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী, রাজপরিবারের সদস্যা অমৃতা রায়কে ফোন করেন তিনি। মিনিট পাঁচেকের কথোপকথনে প্রধানমন্ত্রী জানান, ইডির বাজেয়াপ্ত করা অর্থ তিনি গরিবদের মধ্যে বিতরণের চেষ্টা করবেন।

(বাইট – প্রধানমন্ত্রী)

প্রধানমন্ত্রীর এই আশ্বাস নির্বাচনী আচরণবিধি ভঙ্গ হয়েছে বলে অভিযোগ করেছে তৃণমূল কংগ্রেস। দলের সাংসদ সুখেন্দু শেখর রায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বলেন –

(বাইট - সুখেন্দু শেখর রায়)

oooooooooooooooooooo

কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী মহুয়া মৈত্রকে ইডি আজ দিল্লিতে তলব করেছে। বিদেশী মুদ্রা আইন লঙ্ঘনের ব্যাপারে তাঁকে জিজ্ঞাসাবাদ করা হতে পারে বলে খবর। উতকোচের বিনিময়ে লোকসভায় প্রশ্ন করার অভিযোগের তদন্তে সি বি আই সম্প্রতি মহুয়া মৈত্রের বাড়ি, অফিস সহ একাধিক জায়গায় তল্লাশি চালায়। এর বিরুদ্ধে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছেন মহুয়া।

oooooooooooooooooooo

নির্বাচনের মুখে হয়রানি করতেই মহুয়া মৈত্রকে দিল্লিতে  তলব করা হয়েছে বলে তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে।

মহুয়া মৈত্রর গ্রেফতারির দাবি জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

(বাইট)

oooooooooooooooooooo

শিক্ষক নিয়োগ দুর্নীতি কান্ডে রাজ্যের মন্ত্রী চন্দ্রনাথ সিনহার প্রতিনিধি গতকাল ইডি-র তলবে সিজিও কমপ্লেক্সে হাজিরা দেন। তার সামনেই চন্দ্রনাথবাবুর মোবাইল ফোনটি খোলা হয়।

উল্লেখ্য, চন্দ্রনাথ সিনহার বোলপুরের বাড়িতে তল্লাশি চালিয়ে ইডি নগদ ৪১ লক্ষ টাকা বাজেয়াপ্ত করেছে। বেশকিছু নথিপত্র বাজেয়াপ্ত করেন ইডি-র আধিকারিকরা। এরপরই রাজ্যের মন্ত্রী ও বা তার প্রতিনিধিকে সিজিও কমপ্লেক্সে তলব করা হয়।

oooooooooooooooooooo

নদীয়ার কল্যাণীর গয়েশপুরে বিজেপি-র মিছিলকে কেন্দ্র করে গতকাল উত্তেজনা ছড়ায়। কলাবাগানে কাজের সময় বোমা বিস্ফোরণে এক কৃষকের আহত হওয়ার প্রতিবাদে বিজেপি গতকাল সেখানে মিছিল করার সময় তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকেরা বিক্ষোভ দেখাতে শুরু করেন। মিছিলে ছিলেন বনগাঁ লোকসভা কেন্দ্রে বিজেপি প্রার্থী শান্তনু ঠাকুর। দু-পক্ষের মধ্যে বচসা শুরু হলে বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে পৌঁছয়। শান্তনুবাবুর অভিযোগ, আহত ব্যক্তি বিজেপি কর্মী। তৃণমূল কংগ্রেসের মদতেই এই ঘটনা ঘটেছে বলে তাঁর অভিযোগ।

ooooooooooooooooooooo

ধর্মী আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে রামকৃষ্ণ মঠ ও মিশনের অধ্যক্ষ স্বামী স্মরণানন্দের শেষকৃত্য গতকাল বেলুড় মঠে সম্পন্ন হয়েছে। সন্ন্যাসীদের পাশাপাশি অগণতি ভক্ত অনুরাগী চোখের জলে বিদায় জানান অধ্যক্ষ মহারাজকে। মঙ্গলবার রাত সাড়ে আটটা নাগাদ দক্ষিণ কলকাতার রামকৃষ্ণ সেবা প্রতিষ্ঠানে তাঁর জীবনাবসান হয়। এরপর গতকাল সারাদিনই অধ্যক্ষের পার্থিব শরীর বেলুড়মঠের সাংস্কৃতিক ভবনে শায়িত রাখা হয়। সাধারণ মানুষ থেকে শুরু করে রাজনীতি, ক্রীড়া ও চলচ্চিত্র জগতের বহু বিশিষ্টজন শেষ শ্রোদ্ধা জানান। সেখানে যান রাজ্যপাল সি ভি আনন্দ বোস, রাজ্যের একাধিক মন্ত্রী, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও।

রাজ্যপাল বলেন-

(বাইট – রাজ্যপাল)

০০০০০০০০০০০০০০০০০০০০০

ইস্টবেঙ্গল ও মোহনবাগান, সি এ বি একদিনের ম্যাচের টুর্নামেন্টের সেমিফাইনালে উঠেছে। কলকাতায় গতকাল কোয়ার্টার ফাইনালে ইস্টবেঙ্গল আট উইকেটে বিএনআরকে হারিয়ে দেয়। মোহনবাগান ছয় উইকেটে মহামেডান স্পোর্টিংকে পরাজিত করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০